# হোমিওপ্যাথিক
# পকেট মেটিরিয়া মেডিকা



রাধারমন বিশ্বাস

# সূচীপত্র


| ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| অরাম মেটালিকাম ... | ১ |
| আয়োডিয়াম ... | ৩ |
| আইরিস ভার্সিকলার ... | ৬ |
| আঙ্গুস্টুরা ভেরা ... | ৭ |
| আর্জেন্টাম নাইট্রিকাম... | ৮ |
| আর্জেন্টাম মেট ... | ১২ |
| আর্নিকা মন্টানা ... | ১৪ |
| আর্সেনিকাম অ্যালবাম... | ১৮ |
| অ্যাকটিয়া রেসিমোসা... | ২৩ |
| অ্যাকালিফা ... | ১০০ |
| অ্যাকোনাইট ন্যাপ ... | ২৫ |
| অ্যাগারিকাস মাস ... | ৩০ |
| অ্যাগ্নাস ক্যাসটাস ... | ৩১ |
| অ্যানাকার্ডিয়াম ওরি ... | ৩২ |
| অ্যান্টিপাইরিন ... | ১০৮ |
| অ্যান্টিম-ক্রুডাম ... | ৩৫ |
| অ্যান্টিম-টার্ট ... | ৩৭ |
| অ্যান্থ্রাক্সিন ... | ৩৯ |
| অ্যাপোসাইনাম ক্যানা... | ৪১ |
| অ্যাবসিন্থিয়াম ... | ১০৬ |
| অ্যাব্রোটেনাম ... | ৪২ |

| ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| অ্যামিল নাইট ... | ৪৪ |
| অ্যামোনিয়াম কার্ব ... | ৪৫ |
| অ্যামোন-পিক্রি ... | ১০৯ |
| অ্যামোন-বেঞ্জ ... | ১০৯ |
| অ্যামোনিয়াম মিউর ... | ৪৭ |
| অ্যামব্রা গ্রিসিয়া ... | ৪৯ |
| অ্যারালিয়া রেসিমোসা... | ১১০ |
| অ্যালিয়াম সেপা ... | ৫১ |
| অ্যালুমিনা ... | ৫২ |
| অ্যালুমেন ... | ৫৪ |
| অ্যালো সোকোট্রিনা ... | ৫৫ |
| অ্যাসাফিটিডা ... | ১১২ |
| অ্যাস্টিরিয়াস ... | ৫৭ |
| অ্যাসারাম ইউরো ... | ৫৮ |
| অ্যাসিড অক্সালিক ... | ৫৯ |
| অ্যাসিড অ্যাসেটিক ... | ৬১ |
| অ্যাসিড কার্বলিক ... | ৬৩ |
| অ্যাসিড নাইট্রিক ... | ৬৪ |
| অ্যাসিড পিকরিক ... | ৬৮ |
| অ্যাসিড ফসফরিক ... | ৬৯ |
| অ্যাসিড ফ্লুওরিক ... | ৭৪ |

| ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| অ্যাসিড বেঞ্জয়িক ... | ৭৬ |
| অ্যাসিড মিউরিয়েটিক... | ৭৭ |
| অ্যাসিড সালফ ... | ৮০ |
| ইউপিওন ... | ৮২ |
| ইউপেটো পার্পি ... | ৮৩ |
| ইউপেটো পার্ফো ... | ৮৪ |
| ইউফর্বিয়াম ... | ৮৬ |
| ইউফ্রেসিয়া অফি ... | ৮৬ |
| ইওসিন ... | ৮৭ |
| ইকুইসেটাম ... | ৮৮ |
| ইগ্নেসিয়া আমারা ... | ৮৯ |
| ইথিউসা ... | ৯২ |
| ইপিকাক ... | ৯৪ |
| ইলাটেরিয়াম ... | ৯৫ |
| ইল্যাপ্স ... | ৯৭ |
| এপিস ... | ১০১ |
| এসকিউলাস ... | ৯৯ |
| এবিজ নায়গ্রা ... | ১০৭ |
| এরাম ট্রাইফিলাম ... | ৪৯ |
| এইলান্থাস গ্ল্যাণ্ডুলোসা... | ১১১ |
| ওপিয়াম ... | ১১৩ |
| ওলিয়েণ্ডার ... | ১১৭ |
| ককসিনেলা ... | ১১৮ |
| ককিউলাস ... | ১১৯ |
| কর্নাস কার্সিনেটা ... | ১২০ |
| কফিয়া ক্রুডা ... | ১২১ |
| কলচিকাম ... | ১২২ |
| কলিন্সোনিয়া ... | ১২৩ |
| কলোফাইলাম ... | ১২৪ |
| কলোসিন্থিস ... | ১২৫ |
| কস্টিকাম ... | ১২৭ |
| কার্বো অ্যানিম্যালিস ... | ১২৯ |
| কার্বো ভেজিটেবিলিস... | ১৩১ |
| কিউপ্রাম মেট ... | ১৩৩ |
| কিউপ্রাম সালফ ... | ১৩৫ |
| কিউরেরি ... | ১৩৬ |
| কেলি কার্বনিকাম ... | ১৩৬ |
| কেলি ফস ... | ১৩৮ |
| কেলি বাইক্রম ... | ১৩৯ |
| কেলি ব্রোমিকাম ... | ১৪১ |
| কোকা ... | ১৪৩ |
| কোনিয়াম ... | ১৪৪ |
| কোরালিয়াম ... | ১৪৬ |
| ক্যাকটাস ... | ১৪৭ |
| ক্যানাবিস ইণ্ডিকা ... | ১৪৮ |
| ক্যানাবিস স্যাটি ... | ১৪৯ |

| ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| পেট্রোসেলিনাম | ২৩২ |
| প্লাম্বাম | ২৩৩ |
| প্যারিস কোয়া | ২৩৪ |
| প্ল্যান্টাগো | ২৩৫ |
| প্ল্যাটিনাম | ২৩৬ |
| ফসফরাস | ২৩৮ |
| ফাইটোলাক্কা | ২৪৩ |
| ফাইসস্টিগমা | ২৪৬ |
| ফেরাম মেট | ২৪৬ |
| বার্বেরিস | ২৪৮ |
| বিউফো | ২৫০ |
| বিসমাথাম মেট | ২৫১ |
| বেলাডোনা | ২৫২ |
| বোভিস্টা | ২৫৫ |
| বোরাক্স | ২৫৬ |
| ব্যাপ্টিসিয়া | ২৫৮ |
| ব্যাডিয়াগা | ২৬০ |
| ব্যারাইটা কার্ব | ২৬১ |
| ব্যালসামাম পেরু | ২৬৩ |
| ব্রায়োনিয়া | ২৬৪ |
| ব্রোমিয়াম | ২৬৮ |
| ভেরেট্রাম অ্যালব | ২৬৯ |
| মাইগেল ল্যাসিওডোর | ২৭৩ |
| মাইরিকা সেরিফেরা | ২৭৪ |
| মার্কিউরিয়াস কর | ২৭৫ |
| মার্কিউরিয়াস ডালসিস | ২৭৭ |
| মার্কিউরিয়াস সল | ২৭৮ |
| মিউরেক্স | ২৮১ |
| মিলিফোলিয়াম | ২৮২ |
| মেজেরিয়াম | ২৮৩ |
| মেডোরিনাম | ২৮৫ |
| মেলিলোটাস | ২৮৮ |
| ম্যাগ্নেসিয়া কার্ব | ২৮৯ |
| ম্যাগ্নেসিয়া ফস | ২৯১ |
| ম্যাগ্নেসিয়া মিউর | ২৯৩ |
| রডোডেনড্রন | ২৯৪ |
| রাস টক্সিকো | ২৯৫ |
| রিউম | ২৯৯ |
| রিউমেক্স | ২৯৯ |
| রিসিনাস | ৩০০ |
| রুটা | ৩০১ |
| রোবিনিয়া | ৩০২ |
| র‍্যাটানহিয়া | ৩০৩ |
| র‍্যানানকিউলাস | ৩০৩ |
| লরোসেরেসাস | ৩০৪ |
| লাইকোপোডিয়াম | ৩০৫ |
| লিডাম | ৩১০ |

| ঔষধ | | পৃষ্ঠা |
|---|---|---|
| লিথিয়াম | ... | ৩১২ |
| লিলিয়াম টিগ | ... | ৩১৩ |
| লেপ্টাণ্ড্রা | ... | ৩১৪ |
| লোবেলিয়া | ... | ৩১৫ |
| ল্যাক ক্যানাইনাম | ... | ৩১৭ |
| ল্যাকেসিস | ... | ৩২০ |
| ল্যাকন্যান্থেস | ... | ৩২৪ |
| ল্যাকটিক অ্যাসিড | ... | ৩২৫ |
| স্ট্র্যামোনিয়াম | ... | ৩২৬ |
| সাইক্লামেন | ... | ৩৩১ |
| সাইট্রাস ডেকু | ... | ৩৩২ |
| সাইট্রাস ভালগা | ... | ৩৩২ |
| সাইট্রাস লিমো | ... | ৩৩২ |
| সাইট্রিক অ্যাসিড | ... | ৩৩৩ |
| সাইলিসিয়া | ... | ৩৩৩ |
| স্যাবাল সেরুলেটা | ... | ৩৩৭ |
| স্যানিকিউলা | ... | ৩৩৮ |
| সালফার | ... | ৩৩৯ |
| সার্সাপ্যারিলা | ... | ৩৪৫ |
| সিকিউটা | ... | ৩৪৬ |
| সিকেল | ... | ৩৪৭ |
| সিনাবারিস | ... | ৩৫১ |
| সিঙ্কোনা | ... | ৩৫২ |
| সিড্রন | ... | ৩৫৪ |

| ঔষধ | | পৃষ্ঠা |
|---|---|---|
| সিনা | ... | ৩৫৫ |
| সিপিয়া | ... | ৩৫৬ |
| সেলিনিয়াম | ... | ৩৬০ |
| সোরিনাম | ... | ৩৬২ |
| স্ট্যানাম মেট | ... | ৩৬৬ |
| স্ট্যাফিসেগ্রিয়া | ... | ৩৬৮ |
| স্পঞ্জিয়া টোস্টা | ... | ৩৭১ |
| স্পাইজিলিয়া | ... | ৩৭৩ |
| স্যাঙ্গুইনেরিয়া | ... | ৩৭৫ |
| স্যান্টোনাইনাম | ... | ৩৭৬ |
| স্যাবাইনা | ... | ৩৭৭ |
| স্যাবাডিলা | ... | ৩৮০ |
| স্যামবিউকাস | ... | ৩৮২ |
| সেলিক্স নাইগ্রা | ... | ৩৮৩ |
| স্যারাসেনিয়া | ... | ৩৮৪ |
| হাইড্রাস্টিস ক্যানা | ... | ৩৮৮ |
| হাইড্রাসো অ্যাসিড | ... | ৩৮৯ |
| হাইপেরিকাম | ... | ৩৯০ |
| হায়োসায়োমাস | ... | ৩৮৫ |
| হিপার সালফার | ... | ৩৯১ |
| হেলেবোরাস | ... | ৩৯৪ |
| হিলোনিয়াস | ... | ৩৯৫ |
| হ্যামামেলিস | ... | ৩৯৫ |

# চিকিৎসা-নির্ঘন্ট

## রোগ ও তাহার ঔষধাবলী

রোগ অনুসারে ঔষধ নিরূপিত হইলে, তাহার প্রদর্শক অন্যান্য লক্ষণাবলী ও অন্যান্য ঔষধের সঙ্গে সম্বন্ধ বিচার ইত্যাদি পকেট মেটিরিয়া মেডিকায় দেখিয়া লইবেন।

| রোগ ও ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| **অক্ষুধা** | |
| অ্যান্টিম-ক্রুড ... | ৩৫ |
| ইগ্নেসিয়া ... | ৮৯ |
| নাক্স ভমিকা ... | ২০৬ |
| রাস টক্স ... | ২৯৫ |
| হাইড্রাস্টিস ... | ৩৮৮ |
| (জেন্সিয়ানা লুটিয়া মাদার টিং আহারের আধঘন্টা আগে অর্ধ ফোঁটা মাত্রায় সেব্য)। | |
| **অগ্নিদগ্ধ (বার্ন)** | |
| ক্যান্থারিস ... | ১৫০ |
| ক্যালেণ্ডুলা ... | ১৬০ |
| **অগ্নিমান্দ্য বা অজীর্ণ** | |
| আর্জেন্টাম নাই ... | ৮ |
| আর্সেনিক ... | ১৮ |
| অ্যানাকার্ডিয়াম ... | ৩২ |
| অ্যান্টিম-ক্রুড ... | ৩৫ |
| কার্বো ভেজ ... | ১৩১ |
| কেলি বাই ... | ১৩৯ |
| ক্যাল্কে-কার্ব ... | ১৬১ |
| চায়না ... | ১৮৬ |
| থুজা ... | ২০৩ |
| নাক্স ভমিকা ... | ২০৬ |
| নাক্স মশ্চেটা ... | ২১১ |
| নেট্রাম ফস ... | ২১৬ |
| নেট্রাম মিউর ... | ২১৭ |
| পালসেটিলা ... | ২২৬ |
| ফসফরাস ... | ২৩৮ |
| ব্রায়োনিয়া ... | ২৬৪ |
| মার্ক-সল ... | ২৭৮ |
| লাইকো ... | ৩০৫ |
| সালফার ... | ৩৩৯ |

রোগ ও ঔষধ পৃষ্ঠা

সিপিয়া ... ৩৫৬
হাইড্রাস্টিস ... ৩৮৮
হিপার সালফ ... ৩৯১

অণ্ডকোষ-প্রদাহ (অর্কাইটিস)

অরাম মেট ... ১
আর্নিকা ... ১৪
কোনিয়াম ... ১৪৪
ক্লিমেটিস ... ১৭৭
পালসেটিলা ... ২২৬
বেলাডোনা ... ২৫২
মার্কিউরিয়াস ... ২৭৮
রডোডেনড্রন ... ২৯৪
সালফার ... ৩৩৯
স্পঞ্জিয়া ... ৩৭১
হিপার সালফ ... ৩৯১
হ্যামামেলিস ... ৩৯৭

অতিরজ (মেনোরেজিয়া, মেট্রোরেজিয়া)

আর্নিকা ... ১৪
আর্সেনিক ... ১৮
অ্যাকোনাইট ... ২৫
ইপিকাক ... ৯৪
ক্যামোমিলা ... ১৫৩

রোগ ও ঔষধ পৃষ্ঠা

ক্যাল্কেরিয়া কার্ব... ১৬১
ক্রোকাস ... ১৭৪
চায়না ... ১৮৬
প্ল্যাটিনাম ... ২৩৬
ফসফরাস ... ২৩৮
ফেরাম মেট ... ২৪৬
বেলাডোনা ... ২৫২
বোরাক্স ... ২৫৬
ম্যাগ-কার্ব ... ২৮৯
সিকেল ... ৩৪৭
স্যাবাইনা ... ৩৭৭
হাইড্রাস্টিস ... ৩৮৮
হেলোনিয়াস ... ৩৯৫
হ্যামামেলিস ... ৩৯৬

অর্ধদৃষ্টি (হেমিওপিয়া)

ক্যাল্কে-কার্ব ... ১৬১
নেট্রাম মিউর ... ২১৭
রাস টক্স ... ২৯৫
স্ট্যামোনিয়াম ... ৩২৬
সিপিয়া ... ৩৫৬

অনিদ্রা

অ্যামব্রা গ্রিসিয়া (বৈষয়িক চিন্তা হেতু) ৪৯

| রোগ ও ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| অ্যাকোনাইট ... | ২৫ |
| ইগ্নেসিয়া (শোক হেতু) | ৮৯ |
| ওপিয়াম ... | ১১৩ |
| কফিয়া ... | ১২১ |
| ক্যামোমিলা ... | ১৫৩ |
| চায়না ... | ১৮৬ |
| থুজা ... | ২০৩ |
| নাক্স ভমিকা ... | ২০৬ |
| পালসেটিলা ... | ২২৬ |
| ফেরাম মেট ... | ২৪৬ |
| বেলাডোনা ... | ২৫২ |
| লাইকোপোডিয়াম (দিনে নিদ্রালু) | ৩০৫ |
| ল্যাকেসিস ... | ৩২০ |
| সালফার (রাত্রি ২টা হইতে ৫টা পর্যন্ত অনিদ্রা) | ৩৩৯ |
| সিনা (কৃমি হেতু) | ৩৫৫ |
| **অনিয়মিত ঋতু** | |
| ইগ্নেসিয়া ... | ৮৯ |
| ইপিকাক ... | ৯৪ |
| কোনিয়াম ... | ১৪৪ |
| ক্যাল্কে-কার্ব ... | ১৬১ |
| চায়না ... | ১৮৬ |

| রোগ ও ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| নাক্স ভমিকা ... | ২০৬ |
| নেট্রাম মিউর ... | ২১৭ |
| পালসেটিলা ... | ২২৬ |
| প্ল্যাটিনা ... | ২৩৬ |
| বেলাডোনা ... | ২৫২ |
| ল্যাকেসিস ... | ৩২০ |
| সালফার ... | ৩৩৯ |
| **অনুকল্পরজ** | |
| ইপিকাক ... | ৯৪ |
| ক্যাল্কে-কার্ব ... | ১৬১ |
| চায়না ... | ১৮৬ |
| পালসেটিলা ... | ২২৬ |
| ফসফরাস ... | ২৩৮ |
| ফেরাম মেট ... | ২৪৬ |
| ব্রায়োনিয়া ... | ২৬৪ |
| হ্যামামেলিস ... | ৩৯৭ |
| **অন্ত্রপ্রদাহ (এন্টেরাইটিস)** | |
| আর্সেনিক ... | ১৮ |
| অ্যাকোনাইট ... | ২৫ |
| ইপিকাক ... | ৯৪ |
| কলোসিন্থ ... | ১২৫ |
| ক্যাল্কে-কার্ব ... | ১৬১ |
| পডোফাইলাম ... | ২২৩ |

রোগ ও ঔষধ পৃষ্ঠা

সাইলিসিয়া ... ৩৩৩

ঘাড়ের বাত (স্টিফ নেক)

অ্যাকোনাইট ... ২৫
অ্যাকটিয়া রেসি... ২৩
চেলিডোনিয়াম ... ১৮৮
বেলাডোনা ... ২৫২
ব্রায়োনিয়া ... ২৬৪
ম্যাগ-ফস ... ২৯১

ঘুংড়ি কাশি বা ক্রুপ
(কণ্ঠনালীর আক্ষেপ দ্রষ্টব্য)

চক্ষুপ্রদাহ বা চোখ-উঠা

অরাম মেট ... ১
আর্জেন্টাম-নাই ... ৮
আর্সেনিক ... ১৮
অ্যাকোনাইট ... ২৫
অ্যালুমিনা ... ৫২
ইউফ্রেসিয়া ... ৮৬
জিঙ্কাম ... ১৮৯
পালসেটিলা ... ২২৬
বেলাডোনা ... ২৫২
মার্ক-কর ... ২৭৫
হিপার সালফ ... ৩৯১

রোগ ও ঔষধ পৃষ্ঠা

চক্ষুর ছানি (ক্যাটারাক্ট)

কস্টিকাম ... ১২৭
কোনিয়াম ... ১৪৪
ক্যানাবিস ইণ্ডিকা... ১৪৮
ক্যাল্কে-ফস ... ১৬১
ফসফরাস ... ২৩৮
লাইকোপোডিয়াম ৩০৫
সাইক্লামেন ... ৩৩১
সিপিয়া ... ৩৫৬

চক্ষুর পাতা ঝুলিয়া পড়া
(টোসিস)

অ্যালুমিনা ... ৫২
কস্টিকাম ... ১২৭
জিঙ্কাম ... ১৮৯
জেলসিমিয়াম ... ১৯২
ফসফরাস ... ২৩৮
সিপিয়া ... ৩৫৬

চক্ষুর পাতা নাচা

অ্যাগারিকাস ... ৩০
ইগ্নেসিয়া ... ৮৯
পালসেটিলা ... ২২৬

| রোগ ও ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| **চর্মরোগ** | |
| অ্যান্টিম-ক্রুড ... | ৩৫ |
| **অ্যাসিড কার্বলিক...** | **৬৩** |
| অ্যাসিড ফ্লুওরিক... | ৭৪ |
| অ্যাসিড নাইট্রিক... | ৬৪ |
| কোনিয়াম ... | ১৪৪ |
| গ্র্যাফাইটিস ... | ১৮২ |
| ডলিকস ... | ১৯৫ |
| ডালকামারা ... | ১৯৭ |
| থুজা ... | ২০৩ |
| নেট্রাম মিউর ... | ২১৭ |
| মেজেরিয়াম ... | ২৮৩ |
| সালফার ... | ৩৩৯ |
| সিপিয়া ... | ৩৫৬ |
| সোরিনাম ... | ৩৬২ |
| **চুলকানি ও পাঁচড়া** | |
| (খোস দ্রষ্টব্য) | |
| **ছুলি** | |
| আর্সেনিক ... | ১৮ |
| অ্যাসিড নাইট্রিক... | ৬৪ |
| কেলি কার্ব ... | ১৬১ |

| রোগ ও ঔষধ | পৃষ্ঠা |
|---|---|
| গ্র্যাফাইটিস ... | ১৮২ |
| নেট্রাম মিউর ... | ২১৭ |
| সালফার ... | ৩৩৯ |
| সোরিনাম ... | ৩৬২ |
| **জণ্ডিস বা ন্যাবা বা পাণ্ডু** | |
| আয়োডিয়াম ... | ৩ |
| আর্সেনিক ... | ১৮ |
| অ্যাকোনাইট ... | ২৫ |
| অ্যাসিড ফস ... | ৬৯ |
| ক্রোটেলাস ... | ১৭৬ |
| চায়না ... | ১৮৬ |
| চেলিডোনিয়াম ... | ১৮৮ |
| নাক্স মস্চেটা ... | ২১১ |
| নেট্রাম সালফ ... | ২২১ |
| পডোফাইলাম ... | ২২৩ |
| ফসফরাস ... | ২৩৮ |
| ব্রায়োনিয়া ... | ২৬৪ |
| মার্ক-সল ... | ২৭৮ |
| **জননেন্দ্রিয়ের দৌর্বল্য** | |
| অ্যাগ্নাস ক্যাস্টাস... | ৩১ |
| অ্যামোন-কার্ব ... | ৪৫ |

হোমিওপ্যাথিক

# পকেট মেটিরিয়া মেডিকা

— ০ —

## অরাম মেটালিকাম

**প্রদর্শক—**

অত্যন্ত বিষাদ।

আত্মহত্যার ইচ্ছা (ন্যাজা, ইচ্ছা কিন্তু মরণের ভীতি—নাক্স)।

**মন্তব্য**—ইহার রোগীর মনটা দেখবার ও মনে রাখবার জিনিস। এমন মানসিক অবসাদ ও দুঃখিত মনমরা ভাব অন্য কোনও ঔষধেই নেই। 'অরাম মেট' স্বর্ণ হতে প্রস্তুত; কিন্তু অতি আশ্চর্যের বিষয়, যে সোনার মূল্য এত বেশি, যে সোনা জগতের সব চাইতে প্রিয় লোভনীয় বস্তু; সে মানুষের ভিতরে গিয়ে এমন ভীষণ মানসিক লক্ষণ প্রকাশ করে। এক লাইনের একটি কবিতাতে জনৈক হোমিওপ্যাথ কবি ইহাকে বড় চমৎকার ভাবে প্রকাশ করছেন—'অরামে মরণ চেষ্টা বিষাদ গভীর'।

যে সকল লোক মার্কারি ও সিফিলিসের কুফলে ভেঙ্গে পড়েছে তাদের পক্ষে ইহা খুবই উপকারী ঔষধ। উপদংশজনিত ও পারার অপব্যবহারজনিত ভগ্নস্বাস্থ্যে, অস্থিক্ষত ও প্রদাহে—বিশেষত নাকে, তালুতে ও মাথার হাড়ে; নাকটা বসে যায় (উপদংশজ অস্থিবেদনা

ইহার রোগী ঘুমোতে ঘুমোতে জোরে ফুঁপিয়ে ওঠে, চোর ডাকাতের স্বপ্ন দেখে চিৎকার করে ওঠে—মধ্য রাত্রির পরে নিদ্রাহীন হয়ে পড়ে।

ইহার রোগী শীতে খুব অনুভূতিপ্রবণ (sensitive), গরমে থাকলে ভাল থাকে; অনেক লক্ষণ ধৌত করার পরে লোপ পায়।

**উপদেশ**—উচ্চরক্ত চাপের রোগীতে (high blood pressure) ইহার ৩০ শক্তি বিশেষ কার্যকরী। ইহার রোগীর যাতনা সন্ধ্যায় আরম্ভ হয় ও সারারাত থাকে; গরমে উপশম তাই গা খুলতে চায় না, কিন্তু খোলা বাতাস চায়; ইহা দৈনিক মদ্যপানহেতু অন্ধ হলে আরোগ্য করে। বিশ্রামকালে রোগ বাড়ে ও মৃদু সঞ্চালনে কমে; কিন্তু পায়ের বেদনা গরমে ও সঞ্চালনে বাড়ে। ইহার ক্ষুধা খুব বেশি, খেয়ে তৃপ্তি পায় না।

## আয়োডিয়াম বা আয়োডিন

**প্রদর্শক**—

রাক্ষুসে ক্ষুধা, খুব খায় অথচ দিন দিন শুকিয়ে যায়।

অতি অবসন্নতাসহ ক্রমবর্ধমান অতিশীর্ণতা।

উপবাসে ও গরম ঘরে বৃদ্ধি।

**মন্তব্য**—ইহা একটা স্ক্রোফুলাদোষঘ্ন ঔষধ। পাথরের মত শক্ত গলগণ্ডে ও প্লেগে ইহার (বিশেষত কালো চুলবিশিষ্ট ব্যক্তির) বিশেষ প্রচলন আছে। সর্বদাই মনে রাখুন যে, ইহা একটি **গরমকাতর ঔষধ।**

ইহার রোগী সর্বদা শীতল বাতাস চায়। ইহার বিশেষ প্রদর্শক **লক্ষণগুলি** এই—যথা ১। রোগী স্ক্রোফুলাধাতুবিশিষ্ট; অতি দুর্বলতা, অবসন্নতা ও শীর্ণতা (অ্যাব্রোটে নাম)। ২। সিঁড়ি দিয়ে উপরে উঠতে হলে এত দুর্বলতাবোধ যে, বুঝি দম বন্ধ হয়ে যাবে (ক্যাল্কে)। ৩। অতি ক্ষুধা, সর্বদাই খুব খায় কিন্তু তবু সে দিন দিন শুকিয়ে যায় (নেট্রাম-মিউ অ্যাব্রোটে স্যানিনাম, টিউবার; পায়ের দিক শুকায়—অ্যাব্রোটে; ঘাড়ের পিছন শুকায়—নেট-মিউ)। ৪। খেতে খেতেই সে উপশম বোধ করে—(আহারে বমন—ইগ্নে)। ৫। স্ত্রীলোকের স্তন দুটি শুষ্ক ও ঝুলে যায়। ৬। জরায়ুর ক্যান্সার ও জরায়ু হইতে প্রচুর রক্তস্রাব। ৭। পুরাতন, প্রচুর ও অতি হাজাজনক শ্বেতপ্রদর—ঐ স্রাব বস্ত্রাদি ছিদ্র করে ফেলে এত বেশী ক্ষয়কারক; ঋতুকালে ঐ মত প্রচুর স্রাব। ৮। গ্রন্থি-স্ফীতি (বিশেষত মেসেন্টেরিক ও থাইরয়েড গ্রন্থি)। ৯। ঝিল্লীযুক্ত ঘুংড়ি কাশি, ছেলে কাশবার সময় হাত দিয়ে গলাটা চেপে ধরে (সেপা) এবং ১০। গরম ঘরে বৃদ্ধি। বাসা, আয়োডিনের সম্পূর্ণ চিত্র আপনাদের আঁকা হলো।

এই সঙ্গে আর কয়েকটি যদি জানিয়ে দিই তাহলে মন্দ হয় না। (১) মানসিক উদ্বেগ ও যাতনাযুক্ত, সর্বদাই সে কিছু কিছু কাজ করতে চায়, ব্যথা হয়; (রাস টক্সে উত্তাপে হ্রাস); এমন কি, খুন পর্যন্ত করতে চায় (আর্স)। (২) এত শীর্ণতা সত্ত্বেও কিন্তু সর্বদাই শীতল স্থান ও শীতল বায়ু চায়। (৩) দেহের সর্বত্রই একটা স্পন্দনের অনুভূতি। (৪) মনে হয় হৃদ্‌পিন্ডটা যেন কেউ লোহার সাঁড়াশি দিয়ে চেপে ধরেছে (সালফ)।

ইহার তাপকাতরতা সম্বন্ধে বার বার বলেছি; তার মেজাজ খিট্‌খিটে; ভ্রমণে উপশম পায় তাই কেবল বেড়াতে চায়; সর্বদা অমঙ্গলের ভয় করে ও সর্বদা খুব সতর্ক থাকতে চায়, সদাই বিমর্ষ ও ক্রন্দনশীল; সে (স্ত্রী) কেবল ভাবে যে, সে যেন কি ভুলে গেছে; কেউ কাছে এলে, বিশেষত ডাক্তারবাবু কাছে এলে ভয়ে যেন গুটিয়ে যায় (বাত রোগে এই লক্ষণটি থাকে না)। হঠাৎ দারুণ ইনফ্লুয়েঞ্জা ও সর্দি; পাতলা, হাজাজনক সর্দি—খুব হাঁচি; ঘ্রাণশক্তি থাকে না; ঠোঁটের চামড়া উঠে যায় ও নীলবর্ণ হয়। দাঁত হলদে হয়ে যায়—একটু টকে যায়। ইহাতে সমস্ত গ্রন্থি ফোলে, কিন্তু স্তন অন্ডকোষ শুকিয়ে যায়। আবার অণ্ডকোষের ব্যথাহীন স্ফীতি আছে যাকে আমরা কোরন্ড রোগ বলি, ঐ সঙ্গে দুর্গন্ধ ঘাম থাকে। অন্ডকোষের বৃদ্ধি হলে কামবাসনাও বাড়ে এবং অণ্ডকোষ শুষ্ক হলে সঙ্গমশক্তিও কমে যায়।

প্রসূতিদিগকে এই ঔষধ দিবেন না; যদি দিতেই হয় উচ্চশক্তি দিবেন। ডিম্বকোষ ক্ষুদ্র হয়ে যায়। ঋতুকালে অতি দুর্বলতা থাকে। ইহার রোগীর মাথার যন্ত্রণা চলাফেরায় বাড়ে, কিন্তু মানসিক লক্ষণাদি চলাফেরায় কমে; চুপ করে থাকলেই সে ব্যাকুল ও অস্থির হয়ে ওঠে। ইহাতে কোষ্ঠবদ্ধতাও আছে; উহা নিষ্ফল মলপ্রবৃত্তিযুক্ত এবং শীতল দুগ্ধ পানে উপশম হয়।

নিউমোনিয়া ও ঘুংড়ি রোগে—স্পষ্ট জ্বর, অস্থিরতা, পিপাসা, দপদপানি মাথাব্যথা ইত্যাদি। প্রচুর নৈশঘর্ম। রাত্রে হাড়ে ব্যথা।

সম্বন্ধ—মার্কিউরিয়াসের পর আয়োডিন এবং তারপরে কেলি বাইক্রম খুব ভাল (ঘুংড়ি রোগে) ইহার সহকারী ঔষধ লাইকো।

করবেন—খুব উপকার হবে। গনোরিয়াজনিত বাতেও ইহার ব্যবহার আছে, তবে 'আইরিসিন' দিবেন। **বৃদ্ধি**—সন্ধ্যায়, রাত্রে ও বিশ্রামে; **উপশম**—অবিরাম সঞ্চালনে।

**শক্তি**—৩ হতে ৩০ শক্তি ব্যবহার্য; কিন্তু অতি উচ্চশক্তি দ্বারা অনেক স্থলে অদ্ভুত ফল পাওয়া গেছে। দারুণ অ্যাপেণ্ডিসাইটিস রোগে আইরিস টেন্যাক্স নামক ঔষধটি ব্যবহার করবার জন্য চিনে রাখবেন। ইহার অ্যান্টিডোট হচ্ছে নাক্স।

## আঙ্গুস্টুরা ভেরা

**প্রদর্শক**—

বাত ও পক্ষাঘাতবৎ অবস্থা।

কফি পানের অদম্য ইচ্ছা।

জাংয়ে ব্যথা।

**মন্তব্য ও উপদেশ**—এই ঔষধটি ধনুষ্টঙ্কার রোগে বিশেষ ব্যবহার্য। আহতস্থান পেকে গিয়ে বা পুঁজস্রাব হঠাৎ বন্ধ হয়ে গিয়ে যদি ধনুষ্টঙ্কার হয় তবে ইহা নিশ্চয় দিবেন।

**বাত ও বেদনা** রোগেও গাঁট ও পেশী শক্ত এবং আড়ষ্ট, হাঁটুর গাঁটে খুব টাটানি, গাঁটের ভিতর মড়মড় শব্দ ইত্যাদি লক্ষণে ব্যবহার করে রোগী আরোগ্য করা সম্ভব হয়েছে।

ইহার রোগীর প্রস্রাবের রোগে প্রচুর মূত্রত্যাগ হলেও সর্বদা প্রস্রাবের বেগ থাকে। গ্রীষ্মকালীন উদরাময়, শূলবেদনা ও অস্থিক্ষত।

## আর্জেন্টাম নাইট্রিকাম

**প্রদর্শক—**

**শুষ্ক, শীর্ণ** ও অকালবার্ধক্যের চেহারা।

অতি মিষ্টপ্রিয়তা।

সশব্দ উদগার।

থিয়েটার বা গীর্জা ইত্যাদিতে যাবার সময়েই বাহ্যের বেগ (জেলস)।

**রোগিবিশেষে প্রদর্শক ও মন্তব্য—**

বহুদিন ধরে মানসিক রোগভোগের পর যখন রোগীর স্বাস্থ্য ভেঙ্গে যায় তখন ইহার ক্ষেত্র আসে। ডাঃ গারেন্সি, অ্যালেন প্রভৃতি সকলেই বলেন, শুকিয়ে যাওয়া বা পুঁয়ে পাওয়া বৃদ্ধবৎ শিশু দেখলে সর্বপ্রথমেই এই ঔষধটিকে স্মরণ করতে হয় (যুবক যদি দেখতে বুড়োর মত হয় তবে অ্যাসিড ফ্লুওরিক)। নিম্নাঙ্গ বেশী শীর্ণ (অ্যামোন-মিউ)।

স্মৃতিশক্তিহীনতা, বোকা ও জড়ভরতের মতো, নিজেকেই হত্যা করবার বিষয়ে চিন্তা, আলো ও কথাবার্তা পরিত্যাগ করে চোখ বুজে পড়ে থাকা, মুহুর্মুহু উদ্বিগ্নভাব, খুব দ্রুত ও ব্যস্ত, খুব জোরে হাঁটা,